
# বাংলাদেশ নিয়ে নতুন ভ্রমণ সতর্কতা জারি করল কানাডা



ছবি: সংগৃহীত

বাংলাদেশে ভ্রমণের ক্ষেত্রে নিজেদের নাগরিকদের সতর্ক করেছে কানাডা। দেশটির সর্বশেষ ট্রাভেল অ্যাডভাইজরিতে বাংলাদেশকে উচ্চমাত্রার সতর্কতা প্রয়োজন এমন দেশের তালিকায় রাখা হয়েছে। একই সঙ্গে পার্বত্য চট্টগ্রামের রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানে ভ্রমণ না করার পরামর্শ দেওয়া হয়েছে।

কানাডার সরকারি ভ্রমণবিষয়ক ওয়েবসাইটে ১০ আগস্ট প্রকাশিত হালনাগাদ নির্দেশনায় বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে। রাজনৈতিক কর্মসূচি, সমাবেশ ও বিচারিক ঘটনাকে কেন্দ্র করে আকস্মিক বিক্ষোভ কিংবা সংঘাত তৈরি হওয়ার আশঙ্কার কথা বলা হয়েছে।

কানাডার পক্ষ থেকে বলা হয়েছে, কোনো এলাকায় বিক্ষোভ শুরু হলে পরিস্থিতি দ্রুত পরিবর্তিত হতে পারে। এর ফলে সড়ক যোগাযোগ ব্যাহত হওয়া, দোকানপাট ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়া কিংবা সহিংসতার ঘটনা ঘটতে পারে। তাই বড় জমায়েত এড়িয়ে চলা এবং স্থানীয় প্রশাসনের নির্দেশনা অনুসরণ করতে বলা হয়েছে।

পার্বত্য চট্টগ্রাম নিয়ে কানাডার সতর্কতা আরও কঠোর। ওই তিন জেলায় সব ধরনের ভ্রমণ থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হয়েছে। সেখানে সংঘাত, রাজনৈতিক সহিংসতা এবং অপহরণের মতো নিরাপত্তাঝুঁকির কথা উল্লেখ করা হয়েছে।

বাংলাদেশে থাকা কানাডীয় নাগরিকদের স্থানীয় পরিস্থিতির ওপর নজর রাখতে এবং সংবাদমাধ্যমের সর্বশেষ খবর অনুসরণ করতে বলা হয়েছে। ভ্রমণের পরিকল্পনা থাকলে যাত্রার আগে কানাডা সরকারের ওয়েবসাইটে সর্বশেষ নিরাপত্তা নির্দেশনা যাচাই করার পরামর্শও দেওয়া হয়েছে।

এর আগে ২০২৫ সালের সেপ্টেম্বর ও ডিসেম্বরেও বাংলাদেশ নিয়ে ভ্রমণসংক্রান্ত সতর্কতা হালনাগাদ করেছিল কানাডা সরকার।